

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা

স্মারক নম্বর: ০৫.৪৪.১৮০৭.০০০.৫২.০০৩.২২-১৮০৬

তারিখ: ১৬/১২/২০২২ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি
(সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামি ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নধীন উপজেলা মডেল মসজিদ, আলমডাঙ্গা ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তানুযায়ী দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ (এক)	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। (গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত বক্তৃতা (খুতবাহ পাঠ) প্রদান এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসাবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদেম	০২ (দুই)	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম/সমমানের কওমী শিক্ষাগত সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসাবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী:

- ১। স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে।
- ২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ৩। আবেদন ফরম <http://alamdanga.chuadanga.gov.bd> ওয়েবসাইটে/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা এ পাওয়া যাবে।
- ৪। ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ০২/০১/২০২৩ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা এ প্রেরণ করতে হবে।
- ৫। আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (গ) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবির সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদন ও খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
- ৬। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে মোবাইল/ই-মেইল/নোটিশ বোর্ড এর মাধ্যমে জানানো হবে।
- ৭। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে পেশ ইমাম পদের ক্ষেত্রে ১,০০০/- (এক হাজার) টাকা, মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৮০০/- (আটশত) টাকা এবং খাদেম পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকার অপফরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা বরাবর দাখিল করতে হবে।
- ৮। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না এবং কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমাণিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৯। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ অত্র নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।



মোঃ রনি আলম নূর
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
<http://alamdanga.chuadanga.gov.bd>

স্মারক নম্বর: ০৫.৪৪.১৮০৭.০০০.৫২.০০৩.২২-৪৮০৬(৭০)

তারিখ: ১৩/১২/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধসহ।)
- ৫। উপজেলা..... কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধসহ।)
- ৬। অফিসার ইন-চার্জ, আলমডাঙ্গা থানা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৭। সম্পাদক, দৈনিক পশ্চিমাঞ্চল, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি সংবাদপত্রে প্রকাশপূর্বক এক কপি সংবাদপত্র এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
- ৮। চেয়ারম্যান,..... ইউনিয়ন পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। (ইউনিয়নের সকল ওয়ার্ড ও গুরুত্বপূর্ণ হাট-বাজারে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
- ৯। উপজেলা টেকনিশিয়ান, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি আলমডাঙ্গা উপজেলার তথ্য বাতায়নে আপলোডের জন্য অনুরোধ করা হলো।)
- ১০। অত্র অফিসের নোটিশ বোর্ড।



মোঃ রনি আলম নূর
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা